সংবাদ

তারিখ ... ১৭।৭।৮৩ ...
পৃষ্ঠা ... কলাম ...

013

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

তারিখ : ১৪।০৯।৮৩ ইং

প্রথম বর্ষ সম্মান — শিক্ষাবর্ষ-১৯৮৩-৮৪

# ভর্তির বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের কলা, সমাজ বিজ্ঞান, বাণিজ্য ও বিজ্ঞান অনুষদের অন্তর্গত তিন বৎসর মেয়াদী স্নাতক সম্মান (বাৎসরিক পরীক্ষা পদ্ধতি) কোর্সের ১ম বর্ষ কোর্সে নিম্নলিখিত বিষয়সমূহে নিম্নে বর্ণিত শর্তে ছাত্র/ছাত্রী ভর্তি করিবার জন্য নির্ধারিত ফরমে আগামী ২০শে অক্টোবর, ১৯৮৩ ইং তারিখ পর্যন্ত আবেদনপত্র গ্রহণ করা হইবে :-

(ক) কলা অনুষদ : বাংলা, ইংরেজী, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, চারুকলা, আরবী, পালি ও সংস্কৃত।

(খ) সমাজ বিজ্ঞান অনুষদ : অর্থনীতি, রাজনীতি বিজ্ঞান, সমাজতত্ত্ব ও লোক প্রশাসন।

(গ) বিজ্ঞান অনুষদ : পদার্থ বিজ্ঞান, রসায়ন, গণিত, পরিসংখ্যান, প্রাণিবিদ্যা, উদ্ভিদ বিজ্ঞান, সামুদ্রিক জীব বিজ্ঞান ও ফরেস্ট্রি।

(ঘ) বাণিজ্য অনুষদ : হিসাব বিজ্ঞান ও ব্যবস্থাপনা।

১। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিবার ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা :

(ক) যে সকল ছাত্র/ছাত্রী ১৯৮২ বা ১৯৮৩ সালের উচ্চ মাধ্যমিক বা তাহার অনুমোদিত সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা তাহার অনুমোদিত সমতুল্য পরীক্ষায় কমপক্ষে (চার) পয়েণ্ট পাইয়াছে (১ম বিভাগের মান-৩ পয়েণ্ট, ২য় বিভাগের-২ পয়েণ্ট ও ৩য় বিভাগের মান-১ পয়েণ্ট হিসাবে গণ্য করা হইবে) কেবল তাহারাই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিবার জন্য নির্ধারিত আবেদনপত্র প্রয়োজনীয় দলিলপত্রাদিসহ উল্লিখিত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের দফতরে জমা দিতে পারিবে।

তবে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ৩য় বিভাগে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা গ্রেস ছাড়া মোট ৪৩০ নম্বর পাইলে এবং উক্ত ৪ (চার) পয়েণ্টের অধিকারী হইলে তাহারাও ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিবার জন্য নির্ধারিত আবেদনপত্র যথাসময়ে পেশ করিতে পারিবে।

(খ) চার বৎসর মেয়াদী বি, এস, সি ফরেস্ট্রি অনার্স কোর্সের ১ম বর্ষ অনার্স কোর্সে

ভর্তির শিক্ষাগত যোগ্যতা :

যে সকল ছাত্র ১৯৮২ বা ১৯৮৩ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষা বিজ্ঞান গ্রুপ হইতে বা তাহার অনুমোদিত সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যে কোন একটি পরীক্ষা ১ম বিভাগে এবং অপরটি শতকরা ৫৫ নম্বর এগ্রিগেট পাইয়া ২য় বিভাগে উত্তীর্ণ হইয়াছে এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষা ৪র্থ বিষয় হিসাবে জীব বিজ্ঞান বা গণিত বিষয়ের এগ্রিগেট কমপক্ষে শতকরা ৪৫ নম্বর পাইয়াছে কেবল তাহাদিগকেই ভর্তি পরীক্ষা পাস সাপেক্ষে ভর্তির জন্য যোগ্য বলিয়া গণ্য করা হইবে।

(গ) আরবী, পালি, সংস্কৃত ও চারুকলা, অনার্স কোর্সে ভর্তির ব্যাপারে ভর্তির উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা শিথিল করা হইয়াছে। শিথিলকৃত শিক্ষাগত যোগ্যতা কি হইবে তাহা সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের দপ্তর হইতে সংগ্রহ করা যাইবে।

(ঘ) পরিসংখ্যান ও সামুদ্রিক জীব বিজ্ঞান অনার্স কোর্সের ভর্তির শিক্ষাগত যোগ্যতা আলাদাভাবে ধার্য করা হইয়াছে। ইহাও সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের বা প্রধানের দপ্তর হইতে সংগ্রহ করা যাইবে।

(ঙ) উপ-জাতীয় ছাত্র/ছাত্রী হিসাবে প্রত্যেক বিভাগে দুইজন ছাত্র/ছাত্রীকে ভর্তির ব্যাপারে ভর্তির শিক্ষাগত যোগ্যতাও শিথিল করা হইয়াছে। ইহা সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের দপ্তর হইতে সংগ্রহ করা যাইবে।

২। ভর্তি পরীক্ষার আবেদনপত্র ও সময়সূচী সংগ্রহ সম্পর্কিত :

(ক) ভর্তির শিক্ষাগত যোগ্যতার গ্রহণযোগ্য দলিলপত্র প্রদর্শন করিয়া ভর্তি পরীক্ষার নির্ধারিত আবেদনপত্র ইহার মূল্য হিসাবে ১০/- (দশ) টাকা প্রদান সাপেক্ষে সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের দপ্তর হইতে সংগ্রহ করা যাইবে।

(খ) লিখিত ও মৌখিক ভর্তি পরীক্ষার তারিখ ও সময় ছাত্র/ছাত্রীদিগকে নিজ দায়িত্বে সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের দপ্তর হইতে সংগ্রহ করিতে হইবে। ভর্তি সংক্রান্ত ব্যাপারে চিঠির মারফত কাহাকেও কোন কিছু জানানো হইবে না।

৩। ভর্তির সময়সূচী :

| | |
|---|---|
| (ক) ভর্তি শুরু করিবার তারিখ | ১৪।১১।৮৩ ইং |
| (খ) ক্লাস শুরু করিবার তারিখ | ১৯।১২।৮৩ ইং |
| (গ) বিলম্ব ফিস ছাড়া ভর্তির শেষ তারিখ | ১৫।১২।৮৩ ইং |
| (ঘ) বিলম্ব ফিস ছাড়া ভর্তি ফিস জমা দেওয়ার জন্য ভর্তির প্রয়োজনীয় মূল দলিলপত্রাদি ভর্তির শিক্ষাগত যোগ্যতা যাচাই করিবার জন্য একাডেমিক শাখায় পেশ করিবার শেষ তারিখ | ১২।১২।৮৩ ইং |
| (ঙ) বিশ্ববিদ্যালয়ে দেয় ৫০.০০ (পঞ্চাশ) টাকা বিলম্ব ফিসসহ ভর্তির শেষ তারিখ। | ০৯।০১।৮৪ ইং |
| (চ) বিলম্ব ফিসসহ ভর্তি ফিস জমা দেওয়ার জন্য ভর্তির প্রয়োজনীয় মূল দলিলপত্রাদি ভর্তির শিক্ষাগত যোগ্যতা যাচাই করিবার জন্য একাডেমিক শাখায় পেশ করিবার শেষ তারিখ | ০৫।০১।৮৪ ইং |

৪। ভর্তির প্রয়োজনীয় দলিলপত্রাদি প্রদান সম্পর্কিত তথ্যাবলী :

ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত ছাত্র/ছাত্রীদিগকে তাহাদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা ইহার অনুমোদিত সমতুল্য পরীক্ষা পাসের মূল প্রশংসাপত্র এবং উভয় পরীক্ষার শিক্ষা বোর্ড কর্তৃক ইস্যুকৃত মূল নম্বর ফর্দ তাহাদের ভর্তির শিক্ষাগত যোগ্যতা যাচাই করিবার জন্য একাডেমিক শাখায় ভর্তির কাজে নিয়োজিত সহকারীকে অবশ্যই দেখাইতে হইবে। অন্যথা ভর্তি ফিস জমা দেওয়ার জন্য ভর্তি ফরম অগ্রণী ব্যাংকের বিশ্ববিদ্যালয় শাখায় প্রেরণ করা হইবে না এবং ভর্তিও করা হইবে না।

৫। ভর্তি সংক্রান্ত বিশেষ তথ্যাবলী :

নির্বাচিত ছাত্র/ছাত্রীকে সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের দফতরের নোটিশ বোর্ডে বা মূল ভর্তি ফরমের উপর প্রদত্ত সময়সীমার মধ্যে ভর্তি ফিস জমা দিতে হইবে। অন্যথা তাহাদের ভর্তির নির্বাচন সরাসরি বাতিল হইয়া যাইবে। এবং তদস্থলে অন্য ছাত্র/ছাত্রীকে ভর্তি করা হইবে।

৬। ভর্তি সংক্রান্ত যাবতীয় বিস্তারিত নিয়মাবলী ও তথ্যাবলী সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের দপ্তর হইতে সংগ্রহ করা যাইবে।

স্বাক্ষরিত

আবদুর রশীদ

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)।

সি-৪৫৫৭